

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭১২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১২. যে বলে, মুসল্লীর সামনে দিয়ে মহিলাদের যাতায়াতে সালাত ভঙ্গ হয় না

باب مَنْ قَالَ الْمَرْأَةُ لَا تَقْطَعُ الصَّلَاةَ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ عُبَيْدِ اللهِ، قَالَ سَمِعْتُ الْقَاسِمَ، يُحَدِّثُ عَنْ عَائِشَةَ، قَالَتْ بِنْسَمَا عَدَلْتُمُونَا بِالْحِمَارِ وَالْكَلْبِ لَقَدْ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يُصلِي وَأَنَا مُعْتَرِضَةٌ بَيْنَ يَدَيْهِ فَإِذَا أَرَادَ أَنْ يَسْجُدَ غَمَنَ رِجْلِي فَضَمَمْتُهَا إِلَىَّ ثُمَّ يَسْجُدُ .

_ صحیح : خ

বাংলা

৭১২। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, অত্যন্ত দুঃখের বিষয় যে, তোমরা (সালাত ভঙ্গের ব্যাপারে) আমাদেরকে গাধা ও কুকুরের পর্যায়ভুক্ত করেছ। অথচ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম-কে এরূপ অবস্থায় সালাত আদায় করতে দেখেছি যে, আমি তাঁর সামনে আড়া-আড়িভাবে শুয়ে থাকতাম। তিনি সিজদা্ করতে চাইলে আমার পায়ে চিমটি কাটতেন, এতে আমি আমার পা গুটিয়ে নিতাম। অতঃপর তিনি সিজদা্ করতেন।[1]

সহীহ : বুখারী।

English

'A'ishah said:

I used to sleep with my legs in front of the Messenger of Allah (ﷺ) when he would offer his prayer at night (i.e. tahajjud prayer offered towards the end of the night.). When he prostrated himself he struck my legs, and I drew them up and he then prostrated.



ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ সালাত, সিজদার সুবিধার্থে নিজ স্ত্রীকে সিজদার সময় স্পর্শ করা, হাঃ ৫১৯), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কামভাব ব্যতীত কোনো ব্যক্তি স্বীয় স্ত্রীকে স্পর্শ করলে উযু না করে, হাঃ ১৬৭), আহমাদ (৬/৫৪), সকলে ইয়াহইয়া সূত্রে 'আব্দুল্লাহ থেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>